

2019

BENGALI  
( Major )

Paper : 3.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১০=১০

- (ক) কবি কৃষ্ণিবাসের বাসস্থান কোথায় ছিল ?
- (খ) কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল ?
- (গ) কবি বিজয়গুপ্তের জন্ম কোথায় হয়েছিল ?
- (ঘ) মুকুন্দ চক্রবর্তীর বাসভূমি কোথায় ছিল ?
- (ঙ) নারায়ণ দেব কী উপাধি পেয়েছিলেন ?
- (চ) মনসামঙ্গলের কবি দ্বিজমাধব কোন্ অঞ্চলের অধিবাসী ছিলেন ?
- (ছ) কৃষ্ণদাস কবিরাজ রচিত চৈতন্য জীবনী-গ্রন্থের নাম কী ?
- (জ) বৃন্দাবন দাসের মাতার নাম কী ?

( 2 )

(বা) আলাওলের 'পদ্মাবতী' কাব্যটি কোন্ কাব্য অবলম্বনে রচিত হয়েছিল?

(ঞ) সাধক রামপ্রসাদ সেনের জন্ম কোথায় হয়েছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ৫ = ১০$

(ক) মুকুন্দ চক্রবর্তী রচিত চণ্ডীমঙ্গল কাব্যের দুটি খণ্ড কী কী?

(খ) মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের পিতা ও মাতার নাম কী?

(গ) দৌলত কাজী কোন্ শতাব্দীতে আবির্ভূত হন? তাঁর গ্রন্থটির নাম কী?

(ঘ) শাক্ত পদাবলীর অন্তর্গত দুটি পর্বের নাম লেখো।

(ঙ) ধর্মমঙ্গল কাব্যধারার দুজন কবির নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

(ক) চর্যাপদের আবিষ্কার ও নামকরণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) কবি জয়দেবের পরিচিতি দাও।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের কবি পরিচিতি সংক্ষেপে লেখো।

(ঘ) রূপরাম চক্রবর্তী রচিত ধর্মমঙ্গল কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) কবীন্দ্র পরমেশ্বর সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা প্রস্তুত করো।

(চ) টীকা লেখো :

ময়নামতীর গান অথবা শূন্যপুরাণ

( 3 )

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ৪ = ৪০$

(ক) কৃষ্ণিবাসের কবিপ্রতিভা সম্পর্কে আলোচনা করো।

(খ) নারায়ণ দেবের কাব্যের পরিচয় দাও।

(গ) বাংলা ভাষায় রচিত প্রথম চৈতন্য জীবনী-গ্রন্থ সম্পর্কে যা জান, লেখো।

(ঘ) ষোড়শ শতকের বৈষ্ণব সাহিত্যের বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) দ্বিজমাধব রচিত চণ্ডীমঙ্গল কাব্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

(চ) "আরাকানের রোসাও রাজসভার পৃষ্ঠপোষকতায় যে কাব্যগুলি রচিত হয়েছিল, সেগুলি মধ্যযুগের বাংলা সাহিত্যের গতানুগতিকতাকে ভেঙে সাহিত্যে এক নতুন দিগন্তের সূচনা করেছে।" উক্তিটির আলোকে সৈয়দ আলাওলের কবিপ্রতিভার পরিচয় দাও।

(ছ) শাক্তপদ রচনায় সাধক কমলাকান্তের কৃতিত্বের পরিমাপ করো।

(জ) মনসামঙ্গল কাব্যের কাহিনি সংক্ষেপে বিবৃত করো।

\*\*\*